



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪৭/১০১০

তারিখ: ৩১.০১.২০২২ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিশেষ করে নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী ৮ম শ্রেণি হতে উত্তীর্ণ হয়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণিতে ভর্তি এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী বদলি অথবা শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করলে উক্ত শিক্ষার্থীদের তথ্য HSP-MIS এ আগামী ১৭.০২.২০২২ তারিখের মধ্যে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষার্থী ট্রান্সফার কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান হতে বদলি/নতুন ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ট্রান্সফার কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে শিক্ষার্থীর শ্রেণি একই শ্রেণিতে (অর্থাৎ ৮ম হতে ৮ম) বিদ্যমান থাকবে। পরবর্তীতে এই প্রক্রিয়ায় প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে HSP-MIS এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ২০২২ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর শ্রেণি পরিবর্তন করা হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করার নিয়মাবলী:

- User Id ও Password ব্যবহার করে HSP-MIS এ লগইন করুন;
- ড্যাশ বোর্ডে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন” বাটনে ক্লিক করুন;
- ‘খুঁজুন’ বাটনে ক্লিক করুন;
- “কার্যক্রম” কলামে (আই আইকন) বাটনে ক্লিক করুন;
- “বদলিকৃত শিক্ষার্থীর তথ্য” ফরমটি পূরণ করুন;
- সঠিকভাবে বদলিকৃত/নতুন ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন;
- নির্বাচিত তথ্য শতভাগ সঠিক নিশ্চিত হয়ে ট্রান্সফার বাটনে ক্লিক করুন।

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: শিক্ষা প্রতিষ্ঠান বদলি/পরিবর্তনের ফরম।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪৭/১০১০


(শরীফ মোর্তজা মামুন)
ক্ষম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

তারিখ: ৩১.০১.২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

- ০৩। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৪। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৭। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ০৮। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (ক্ষিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP-MIS এ শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন অপশন চালু করার অনুরোধসহ)।
- ১৩। সংরক্ষণ নথি।


 ৩১/০৭/২০২২
 (মোঃ তৌফিক এরশাদ)
 গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
 সমন্বিত উপবৃত্তি কর্মসূচি